বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
কেন্দ্রীয় হিসাব বিভাগ-১

নং-প্রকা/হিসাব-০১/কর শাখা-০৫/২০১৬-২০১৭/৪৪১ তারিখঃ ১৯-১০-২০১৬

০১। সকল মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/অধ্যক্ষ, ষ্টাফ কলেজ/স্থানীয় মুখ্য কার্যালয়।
০২। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
০৩। উপ-মহাব্যবস্থাপক, এলপিও সহ সকল কর্পোরেট শাখাসমূহ।
০৪। সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক এর মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ বৃহৎ করদাতা ইউনিট (LTU),ঢাকা এর অধীক্ষেএাধীন উৎসে কর কর্তন/সংগ্রহের খাত সমুহের জন্য ২০১৬-২০১৭ অর্থ বছরে উৎসে কর কর্তন/সংগ্রহের হার প্রসংগে ।**

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কর কমিশনারের কার্যালয়, বৃহৎ করদাতা ইউনিট (LTU), ঢাকা, ২য় ১২তলা সরকারী অফিস ভবন (৭ম তলা),ঢাকা এর নথি নং- এল (জি) -৭১/বৃকইউ/২০১৬-২০১৭/৩৪২৭(১-৩৬০) তারিখ-২৭.০৯.২০১৬ এর নির্দেশনানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্রটি সংযুক্ত করে এতদসংগে প্রেরণ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

সংযুক্তিঃ বর্ণনামতে।

১৯/১০/১৬
(মোঃ সাইফুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/হিসাব-০১/কর শাখা-০৫/২০১৬-২০১৭/৪৪১ তারিখঃ ১৯-১০-২০১৬

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো ঃ**

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রকা, ঢাকা/স্থানীয় মুখ্য কার্যালয়, বিকেবি ঢাকা।
০৬। **উপমহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকাকে অত্র পরিপত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। নথি/মহানথি।

১৯/১০/১৬
(কাজী শাহ আলম)
সহকারী মহাব্যবস্থাপক

অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।
বিশেষ বাহক মারফত প্রেরিত

উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়-২
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
নং........ তারিখ........
বিভাগ........
ডিএমডি-২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
বৃহৎ করদাতা ইউনিট (LTU), ঢাকা
২য় ১২তলা সরকারী অফিস ভবন (৭ম তলা), ঢাকা।

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং........ তাং........
★ডিএমডি-
★জিএম........
★ডিজিএম........
★সভায় কার্যপত্র পেশ করুন
★প্রয়োজনীয় পদক্ষেপ নিন
★আলাপ করুন
★জরুরী
ব্যবস্থাপনা পরিচালক

নথি নংঃ এল (জি) -৭১/বৃকইউ/২০১৬-২০১৭/ তারিখঃ ২৭/০৯/২০১৬ খ্রিঃ

বরাবর
ব্যবস্থাপনা পরিচালক/ সিইও
........
........
........

উমব্য-কেহিবি-১/ট্রেজারী/বাজেট/
হিসাব সমন্বয়/করেন্স রেমিটেন্স
মহাব্যবস্থাপক
আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ

বিষয় ঃ বৃহৎ করদাতা ইউনিট (LTU), ঢাকা এর অধীক্ষেত্রাধীন উৎসে কর কর্তন/সংগ্রহের খাত সমূহের জন্য ২০১৬-২০১৭ অর্থ বছরে উৎসে কর কর্তন/সংগ্রহের হার প্রসঙ্গে।

বাংলাদেশ কৃষি ব্যাংক
কেন্দ্রীয় হিসাব বিভাগ-১

সূত্র (১) ঃ জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং ০৮.০১.০০০০.০২৭.০৯.০০১.১২, তারিখঃ ২৯.০৭.২০১২ খ্রীঃ
সূত্র (২) ঃ জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং ০৮.০১.০০০০.০২৭.০৯.০০১.১২, তারিখঃ ০২.০৮.২০১২ খ্রীঃ
সূত্র (৩) ঃ জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং ০৮.০১.০০০০.০২৭.০৯.০০১.১৪, তারিখঃ ২৩.০৭.২০১৪ খ্রীঃ
সূত্র (৪) ঃ জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং ০৮.০১.০০০০.০২৭.০৯.০০০১.১৪,৭১২, তারিখঃ ১৩.০৮.২০১৫ খ্রীঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

২। আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, অর্থ আইন' ২০১৬ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর উৎসে কর কর্তন সংক্রান্ত ৫০ হতে ৫৬ ধারা সমূহের মধ্যে কিছু সংশোধন বা সংযোজন করা হয়েছে।

৩। আপনি নিশ্চয়ই আরও অবগত আছেন যে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সূত্র (১), সূত্র (২), সূত্র ও সূত্র (৩) মোতাবেক জারীকৃত আদেশ সমূহের মাধ্যমে বৃহৎ করদাতা ইউনিটের অধিক্ষেত্রাধীন সকল করদাতার ক্ষেত্রে ১৪ টি ধারা (যথাঃ 50, 50A, 51, 52, 52A, 52AA, 52I, 52T, 52U, 52V, 53A, 53G, 53GG ও 54) সংশ্লিষ্ট সকল খাতের উৎসে কর্তিত করের অধিক্ষেত্র বৃহৎ করদাতা ইউনিট (LTU), ঢাকায় ন্যস্ত রয়েছে।

৪। পরবর্তীতে জাতীয় রাজস্ব বোর্ড সূত্র (৪) মোতাবেক ১৩.০৮.২০১৫ খ্রীঃ তারিখে জারীকৃত অধিক্ষেত্র আদেশের মাধ্যমে বৃহৎ করদাতা ইউনিটের অধিক্ষেত্রাধীন সকল করদাতার ক্ষেত্রে ধারা ৫২এএ এর নির্দিষ্টকৃত খাত এবং ধারা ৫৬ সংশ্লিষ্ট সকল খাতের উৎসে কর্তিত করের অধিক্ষেত্রও বৃহৎ করদাতা ইউনিটে ন্যস্ত করেছে।

৫। জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর উৎসে কর সংক্রান্ত যে সকল খাতের অধিক্ষেত্র সূত্রোক্ত পত্রসমূহের মাধ্যমে বৃহৎ করদাতা ইউনিট (LTU) ঢাকায় ন্যস্ত রয়েছে সে সকল খাত, খাত সংশ্লিষ্ট ধারা ও বিধি এবং ২০১৬-২০১৭ অর্থ বছরে কর কর্তন/সংগ্রহের হার নিম্নে উল্লেখ করা হলোঃ

| ক্রমিক | খাত সমূহ | উৎসে কর কর্তন/সংগ্রহের ধারা | কর কর্তন/সংগ্রহের হার |
|---|---|---|---|
| ১ | বেতনাদি | ধারা-৫০, (বিধি-২১,২২,২৩) | গড় হার<br>অর্থাৎ বেতনভোগী কর্মকর্তা-কর্মচারীর ২০১৬-১৭ অর্থ বছরে প্রাপ্য বেতনাদির উপর প্রযোজ্য আয়করের পরিমাণ কে ১২ টি ভাগ করে মাসিক আয়কর কর্তনের পরিমাণ নির্ধারণ করা প্রযোজ্য |
| ২ | বাংলাদেশ ব্যাংক বিলের ডিসকাউন্ট | ধারা-৫০এ | সর্বোচ্চ হার অথবা প্রযোজ্য হারের মধ্যে যাহা বেশী |
| ৩ | সিকিউরিটিজের সুদ/মুনাফা | ধারা-৫১ | সরকারী সিকিউরিটিজ বা সরকার কর্তৃক অনুমোদিত সিকিউরিটিজ এর সুদ বা ডিসকাউন্টের ক্ষেত্রে ---------------------- ৫% আপফ্রন্ট<br><br>ইসলামী শরিয়াভিত্তিক সিকিউরিটিজের মুনাফা বা ডিসকাউন্ট পরিশোধ বা |



অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

| | | | |
|---|---|---|---|
| | | | ক্রেডিট যেটি আগে সম্পন্ন হওয়ার সময় -------------------৫%<br><br>সরকার কর্তৃক ইস্যুকৃত ট্রেজারী বন্ড বা বিল ------------- শূণ্য |
| ৪ | ঠিকাদার/সরবরাহকারী ইত্যাদিকে পরিশোধ | ধারা-৫২, বিধি-১৬ | পেমেন্টের সময় নিম্নবর্ণিত হারে উৎসে কর কর্তন প্রযোজ্য তবে প্রাপকের ১২ ডিজিট টিআইএন না থাকলে ৫০% অতিরিক্ত পরিমান উৎসে কর কর্তন করতে হবে।<br><br><u>ঠিকাদারীর ক্ষেত্রে</u><br>বেইজ এমাউন্ট ২ লক্ষ টাকা পর্যন্ত-----শুণ্য<br>বেইজ এমাউন্ট ২ লক্ষ টাকার অধিক কিন্তু ৫ লক্ষ টাকা পর্যন্ত-------১%<br>বেইজ এমাউন্ট ৫ লক্ষ টাকার অধিক কিন্তু ১০ লক্ষ টাকা পর্যন্ত------২%<br>বেইজ এমাউন্ট ১০ লক্ষ টাকার অধিক কিন্তু ২৫ লক্ষ টাকা পর্যন্ত-----৩%<br>বেইজ এমাউন্ট ২৫ লক্ষ টাকার অধিক কিন্তু ১ কোটি টাকা পর্যন্ত-----৪%<br>বেইজ এমাউন্ট ১ কোটি টাকার অধিক কিন্তু ৫ কোটি টাকা পর্যন্ত-----৫%<br>বেইজ এমাউন্ট ৫ কোটি টাকার অধিক কিন্তু ১০ কোটি টাকা পর্যন্ত---৬%<br>বেইজ এমাউন্ট ১০ কোটি টাকার অধিক -------------------------৭%<br><br><u>সরবরাহ বা</u><br><u>মেনুফেকচার, প্রসেস বা কনভার্শন বা</u><br><u>প্রিন্টিং, প্যাকেজিং বা বাইন্ডিং এর ক্ষেত্রে</u><br>বেইজ এমাউন্ট ২০ লক্ষ টাকা পর্যন্ত ----------------------------৩%<br>বেইজ এমাউন্ট ২০ লক্ষ টাকার অধিক কিন্তু ১ কোটি টাকা পর্যন্ত-----৪%<br>বেইজ এমাউন্ট ১ কোটি টাকার অধিক ---------------------------৫%<br><br><u>অয়েল মার্কেটিং কোম্পানির তেল সরবরাহর ক্ষেত্রে</u><br>পেমেন্টের পরিমান ২ লক্ষ টাকা পর্যন্ত-------------------------- শূণ্য<br>পেমেন্টের পরিমান ২ লক্ষ টাকার অধিক-----------------------০.৬%<br><br><u>অয়েল মার্কেটিং কোম্পানির ডিলার বা এজেন্ট(পেট্রল পাম্প ব্যতীত) হতে তেল সরবরাহের ক্ষেত্রে</u><br>যে কোন পরিমানের পেমেন্ট---------------------------------১%<br><br><u>অয়েল রিফাইনারি কোম্পানি হতে তেল সরবরাহের ক্ষেত্রে</u><br>যে কোন পরিমানের পেমেন্ট---------------------------------৩%<br><br><u>গ্যাস ট্রান্সমিশন কোম্পানিকে পেমেন্টের ক্ষেত্রে</u><br>যে কোন পরিমানের পেমেন্ট---------------------------------৩%<br><br><u>গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানিকে পেমেন্টের ক্ষেত্রে</u><br>যে কোন পরিমানের পেমেন্ট---------------------------------৩% |
| ৫ | রয়েলটি ইত্যাদি পরিশোধ | ধারা-৫২এ | পেমেন্টের সময় নিম্নবর্ণিত হারে উৎসে কর কর্তন প্রযোজ্য তবে প্রাপকের ১২ ডিজিট টিআইএন না থাকলে ৫০% অতিরিক্ত পরিমান উৎসে কর কর্তন করতে হবে।<br><br>বেইজ এমাউন্ট ২৫ লক্ষ টাকা পর্যন্ত ---------------------------১০%<br>বেইজ এমাউন্ট ২৫ লক্ষ টাকার অধিক --------------------------১২% |
| ৬ | মোবাইল ব্যাংকিং সেবা সংক্রান্ত যে কোন ধরনের পরিশোধ | ধারা-৫২এএ | পেমেন্টের সময় নিম্নবর্ণিত হারে উৎসে কর কর্তন প্রযোজ্য তবে প্রাপকের ১২ ডিজিট টিআইএন না থাকলে ৫০% অতিরিক্ত পরিমান উৎসে কর কর্তন করতে হবে।<br><br>বেইজ এমাউন্ট ২৫ লক্ষ টাকা পর্যন্ত ---------------------------১০%<br>বেইজ এমাউন্ট ২৫ লক্ষ টাকার অধিক --------------------------১২% |
| ৭ | এল সি কমিশন | ধারা-৫২আই | কমিশনের পরিমানের উপর-----------------------------------৫% |
| ৮ | জীবন বীমা পলিসির ক্ষেত্রে পলিসিহোল্ডার কর্তৃক পরিশোধিত প্রিমিয়ামের অতিরিক্ত অংক বীমা কোম্পানী কর্তৃক পলিসিহোল্ডারকে পরিশোধ | ধারা-৫২টি | কোন নিবাসীকে প্রিমিয়াম প্রাপ্তির অতিরিক্ত যে কোন পরিমান পরিশোধের সময় উক্ত অতিরিক্ত পরিমানের উপর ---------------------------৫% |



অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

| | | | |
|---|---|---|---|
| ৯ | লোকাল এল সি মূল্য (চট্টগ্রাম ব্যতীত) | ধারা-৫২ইউ | নির্দিষ্টকৃত পণ্য ব্যতীত অন্যান্য পণ্যের বিপরীতে ৫ লক্ষ টাকার অধিক অংকের এলসি মূল্যের ক্ষেত্রে পরিশোধ বা ক্রেডিট প্রদানের সময় এল সি মূল্যের উপর -----------------------------------------------৩% |
| ১০ | সেলুলার মোবাইল অপারেটর কোম্পানী কর্তৃক বিটিআরসিকে যে কোন ধরনের পরিশোধ | ধারা-৫২ভি | যে কোন প্রকার পরিশোধ বা ক্রেডিট প্রদান যেটি আগে হয়, সে সময় ------------------------------------------------১০% |
| ১১ | গৃহ সম্পত্তির ভাড়া | ধারা-৫৩এ | ভাড়াটিয়া ভাড়া প্রদানের সময় ---------------------------------৫% |
| ১২ | ইন্সুরেন্স এজেন্টকে বীমা কমিশন প্রদান | ধারা-৫৩জি | কোন নিবাসীকে কমিশন পরিশোধ বা ক্রেডিট প্রদান যেটি আগে হয়, সে সময় সময় ---------------------------------------------- ৫% |
| ১৩ | জেনারেল ইন্সুরেন্স কোম্পানীর সার্ভেয়ারদের ফি ইত্যাদি প্রদান | ধারা-৫৩জিজি | কোন নিবাসীকে সার্ভে করার জন্য সম্মানী বা ফি প্রদানের সময় উক্ত সম্মানী বা ফি এর পরিমানের উপর -------------------------- ১৫% |
| ১৪ | ডিভিডেন্ড/লভ্যাংশ | ধারা-৫৪, বিধি-১৯ | নিবাসীর ক্ষেত্রে<br>ক) কোম্পানী --------------------------------------------- ২০%<br>খ) কোম্পানী ব্যতীত ঃ<br>টিআইএন থাকিলে ------------------------ ১০%<br>টিআইএন না থাকিলে ---------------------- ১৫% |
| ১৫ | অনিবাসী ব্যক্তি বা কোম্পানিকে যে কোন ধরনের পরিশোধ | ধারা-৫৬ | ধারা-৫৬তে বর্ণিত খাত ভিত্তিক হার অনুযায়ী |

৬। <u>কর্তিত/সংগৃহীত আয়কর জমা দেয়ার কোডঃ</u>

কোম্পানী শ্রেণীর করদাতা ঃ ১-১১৪৫-০০১০-০১০১

ব্যক্তি শ্রেণীর করদাতা ঃ ১-১১৪৫-০০১০-০১১১

৭। <u>কর্তিত/সংগৃহীত আয়কর সরকারী কোষাগারে জমা দেয়ার সময়সীমাঃ</u>

বাজেট কার্যক্রম ২০১৬ এর মাধ্যমে উৎসে কর্তিত/সংগৃহীত কর জমা দেয়ার জন্য সংশ্লিষ্ট বিধি ১৩ সংশোধন করা হয়েছে। সংশোধিত বিধি অনুযায়ী সময়সীমা নিম্নরূপঃ

| ক্রমিক | কর কর্তন বা সংগ্রহের সময়কাল | কর্তিত/সংগৃহীত কর সরকারী কোষাগারে জমা দেয়ার সময়সীমা |
|---|---|---|
| ০১। | জুলাই থেকে মে মাস পর্যন্ত | কর কর্তন বা সংগ্রহ সংশ্লিষ্ট মাস শেষ হওয়ার দুই সপ্তাহের মধ্যে |
| ০২। | জুন মাসের ১ থেকে ২০ তারিখ | কর কর্তন বা সংগ্রহের তারিখের পরবর্তী ৭ দিনের মধ্যে |
| ০৩। | জুন মাসের অবশিষ্ট দিনগুলি | কর কর্তন বা সংগ্রহের তারিখের পরবর্তী দিনে।<br>তবে জুন মাসের শেষ ২ কর্মদিবসে কর্তিত/সংগৃহীত কর কর্তন/সংগ্রহের দিনেই। |

৮। উল্লেখ্য, নির্ধারিত হারে ও পদ্ধতিতে কর কর্তন বা সংগ্রহ করা না হলে এবং নির্ধারিত সময়ে সরকারী কোষাগারে জমা প্রদান করা না হলে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৫৭ অনুযায়ী যে ব্যক্তি উক্ত দায়িত্ব পালনে ব্যর্থ হবেন তিনি খেলাপী করদাতা হিসেবে গণ্য হওয়াসহ কম আদায়কৃত/সংগৃহীত কর বা আদায়/সংগ্রহের পরে জমা প্রদান করা হয়নি এমন করের সমুদয় অংশ মাসিক ২% হারে অতিরিক্ত পরিমানসহ তার নিকট হতে আদায়ের বিধান রয়েছে।

৯। <u>সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, অত্র ইউনিটের অধিক্ষেত্রাধীন খাতসমূহের বিপরীতে যথাসময়ে বিধি মোতাবেক উৎসে কর কর্তন করা হচ্ছে না, কোন কোন ক্ষেত্রে উৎসে কর কর্তন করা হলেও যথাসময়ে সরকারী কোষাগারে নির্ধারিত সময়ে জমা দেয়া হচ্ছে না। অনেক ক্ষেত্রে আরো লক্ষ্য করা যাচ্ছে যে, উৎসে কর কর্তন ও জমা দেয়ার পরও অত্র কার্যালয়কে বিধি মোতাবেক অবহিত করা হচ্ছে না। সর্বোপরি, গভীর উদ্বেগের সাথে এ ও লক্ষ্য করা যাচ্ছে যে, অত্র ইউনিটের কোন কোন করদাতা কোন কোন খাতের বিপরীতে উৎসে কর্তিত কর অত্র ইউনিটের অনুকূলে জমা প্রদান না করে অন্য কোন কর অঞ্চলের অনুকূলে জমা প্রদান করছে। করদাতার এহেন কার্যক্রম এতদ্সংক্রান্ত জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা ভঙ্গের সামিল। এমতাবস্থায়, আপনার প্রতিষ্ঠানটি অত্র ইউনিটের অধিক্ষেত্রাধীন হওয়ায় বিধি মোতাবেক সকল খাতের বিপরীতে যথানিয়মে উৎসে কর কর্তন পূর্বক অত্র ইউনিটের অনুকূলে নির্ধারিত সময়ে সরকারী কোষাগারে জমা প্রদানপূর্বক নির্ধারিত "ছক" পূরণ পূর্বক অত্র কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।</u>

১০। এতদ্বিষয়ে কোন তথ্যের বা স্পষ্টীকরণের প্রয়োজন হলে এ ইউনিটের যুগ্ম কর কমিশনার জনাব মুহাম্মদ আমিনুর রহমান (ফোনঃ ৯৩৩ ২০১০, ৮৩২ ১৬১৬ এক্সঃ ১১০) ও জনাব মোঃ জেহাদ উদ্দিন (ফোনঃ ৯৩৩ ২০১০, ৮৩২ ১৬১৬,এক্সঃ১০৭) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

(মোঃ আলমগীর হোসেন)
কর কমিশনার
বৃহৎ করদাতা ইউনিট (LTU),ঢাকা।